

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১৮

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ (আল্লাহভীরুতা ও তাওয়ারুল) - মানুষের জন্য আবশ্যক হলো উপায়-উপকরণের ক্ষেত্রে পরহেযগারিতা অবলম্বন করা; এমন নয় যে সে ঐ কাজে লিপ্ত হয়ে তার পক্ষে ব্যাখ্যা দাঁড় করাবে, যদিও তার সে ব্যাখ্যা দাঁড় করানোর সুযোগ আছে

بَابُ الْوَرَعِ وَالتَّوَكُّلِ \_ ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ لِلْمَرْءِ اسْتِعْمَالَ التَّوَرُّعِ فِي أَسْبَابِهِ دُونَ التَّعَلُّق بِالتَّأُويِل وَإِنْ كَانَ لَهُ ذَلِك

## আরবী

718 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّقَنَا ابْنُ أَبِي السَّرِيِّ حَدَّقَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ الله: (اشْتَرَى رَجُلٌ مِنْ رَجُلٍ عَقَارًا فَوَجَدَ اللَّذِي اشْتَرَى الْعَقَارَ: خُذْ ذَهَبَكَ عَنِي النَّذِي اشْتَرَى الْعَقَارَ: خُذْ ذَهَبَكَ عَنِي النَّذِي اشْتَرَى الْعَقَارَ: خُذْ ذَهَبَكَ عَنِي النَّذِي اشْتَرَى الْعَقَارَ فِي عَقَارِهِ جَرَّةَ ذَهَبَ فَقَالَ الَّذِي اشْتَرَى الْعَقَارَ: خُذْ ذَهَبَكَ عَنِي الْمَا اشتريت منك أرضا ولم أتبع مِنْكَ ذَهَبًا وَقَالَ الَّذِي بَاعَ الْأَرْضَ: إِنَّمَا بِعْتُكَ الْأَرْضَ وَمَا فِيهَا قَالَ: فَتَحَاكَمَا إِلَى رَجُلِ فَقَالَ الَّذِي تَحَاكَمَا إِلَيْهِ: أَلَكُمَا وَلَدٌ؛ فَقَالَ أَحَدُهُمَا: غُلَامٌ وقَالَ الْآخِي تَحَاكَمَا إِلَيْهِ: أَلَكُما وَلَدٌ؛ فَقَالَ أَحَدُهُمَا: غُلَامٌ وقَالَ الْآخِرُ: جَارِيَةٌ فَقَالَ: أَنْكِحُوا الْغُلَامَ الْجَارِيَةَ وَأَنْفِقُوا عَلَى أَنْفُسِهِمَا وَتَصَدَّقَا) غُلَامٌ وقَالَ الْآخِرُ: جَارِيَةٌ فَقَالَ: أَنْكِحُوا الْغُلَامَ الْجَارِيَةَ وَأَنْفِقُوا عَلَى أَنْفُسِهِمَا وَتَصَدَّقَا) الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الصدان على صحيح ابن حبان

## বাংলা

৭১৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "এক ব্যক্তি অপর এক ব্যক্তি থেকে জমি ক্রয় করেন। অতঃপর যিনি জমি ক্রয় করেন, তিনি জমিতে একটি স্বর্ণের পাত্র পান, তখন জমি ক্রেতা জমি বিক্রেতাকে বললেন, "আপনি আমার থেকে আপনার স্বর্ণ নিয়ে নিন। কেননা আমি আপনার কাছ থেকে জমি ক্রয় করে নিয়েছি, আমি তো আপনার কাছ থেকে স্বর্ণ ক্রয় করি নাই!" তখন জমি বিক্রেতা বললেন, "আমি আপনার কাছে জমি এবং জমির মাঝে যা কিছু রয়েছে, সবই বিক্রি করে দিয়েছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "অতঃপর তাঁরা তৃতীয় আরেক ব্যক্তিকে শালিস



মানলো। তখন যাকে তাঁরা শালিস মানলেন, তিনি বললেন, "আপনাদের কি সন্তানাদি আছে?" তাঁদের একজন বললেন, "আমার একজন ছেলে আছে।" আরেকজন বললেন, "আমার একজন মেয়ে আছে।" তখন শালিস বললেন, "আপনারা ছেলেকে মেয়ের সাথে বিয়ে দিয়ে দিন, তাদের জন্য খরচ করুন এবং (বাকী যা থাকবে তা) সাদাকাহ করুন।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩১৬; সহীহ মুসলিম: ১৭২১; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৪১২; ইবনু মাজাহ: ২৫১১।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৭১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন